# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ১২. কাসিদা- ই- নু’মান

‘কাসিদা- ই- নু’মান’ একটি আরবী কাব্য, যা ইমাম আবূ হানীফা (১৫০ হি) রচিত বলে প্রচারিত। যতটুক বুঝা যায় ১২০০ হিজরীর (১৭৮০/৮৫ খৃস্টব্দের) দিকে তুরস্কে এ পুস্তকাটির কথা প্রথম শোনা যায়। এরপর তুরস্কে ও ভারতে কেউ কেউ এটি মুদ্রণ করেন এবং কেউ কেউ তুর্কি, উর্দু ইত্যাদি ভাষায় এর অনুবাদ ও ব্যাখ্যা করেন। এর আগে প্রায় হাজার বছর ধরে ইমাম আবূ হানীফা (রাহ)-এর জীবনীকারগণ কেউ তাঁর এ গ্রন্থের কথা উল্লেখ করেননি। তাবিয়ী-যুগের কাব্য, শব্দব্যবহার ও ভাষাশৈলীর সাথে যাদের সামান্যতম পরিচয় আছে তারা অতি সহজেই বুঝেন যে, এ কাসীদা কখনোই ইমাম রচিত নয়। এ কবিতার মধ্যে অনেক জাল হাদীস বিদ্যমান। যেমন ‘আপনি না হলে বিশ্ব সৃষ্টি করতাম না’, ‘জাবিরের মৃত সন্তানদের জীবিত করা’ ইত্যাদি। আবূ জাফর সিদ্দিকী এগুলোকে জাল বলে নিশ্চিত করেছেন।[1]

## ফুটনোট

[1] আবূ জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পৃ. ১২-৯৯, বাংলা, পৃ. ৫১৫-৫১৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন